

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা।



বিষয় : ০৫ আগস্ট, ২০২১ তারিখে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আব্দুল করিম এনডিসি
মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সভার তারিখ : ৩১ জুলাই, ২০২১ খ্রি.
সভার স্থান : সভা কক্ষ
উপস্থিতি : উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা (পরিশিষ্ট- 'ক')

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর তিনি উল্লেখ করেন যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১১/০৭/২০২১খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৭১.৯৯.০২০. ২০-২৯৬ নং স্মারকে প্রাপ্ত কার্যবিবরণীতে উল্লেখিত নির্দেশনা অনুযায়ী আগামী ০৫ আগস্ট ২০২১খ্রি. তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় দেশব্যাপী উদযাপন করা হবে। এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় আয়োজনের জন্য প্রস্তুতিমূলক সভায় বিস্তারিত আলোচনার পর (চলমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিয়ে) নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০৩। ০৫ আগস্ট, ২০২১খ্রি. তারিখে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি:

ক্র. নং	তারিখ ও বার	সময়	কর্মসূচি	বাস্তবায়নে
০১.	০৫ আগস্ট ২০২১ বৃহস্পতিবার	সকাল ০৯:০০ টা	ধানমন্ডিস্থ আবাহনী মাঠে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার
০২.	ঐ	সকাল ১০:০০ টা	বনানীস্থ শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর করবস্থানে পুষ্পস্তবক অর্পণ।	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার
০৩.	ঐ	দুপুর ০১:২০ টা	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর কেন্দ্রীয় জামে মসজিদে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর রুহের মাগফেরাত কামনা করে কোরআন খতম ও দোয়া মাহফিল।	<ul style="list-style-type: none">সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সিনিয়র প্রশিক্ষক, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভারইমাম, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
০৪.	ঐ	বিকাল ০৩:০০ টা	শহীদ ক্যাপ্টেন শেখ কামালের উপর নির্মিত ডকুমেন্টারী প্রদর্শন ও আলোচনা সভা।	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার
০৫.	আগস্ট ২০২১ মাসব্যাপী	-	শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্মবার্ষিকী উদযাপন বিষয়ক একটি দৃষ্টিনন্দন ব্যানার প্রশাসনিক ভবনে প্রদর্শন।	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার

০৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুল করিম এনডিসি
অতিরিক্ত সচিব

ও


মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.২৩.০৫০.২১- ৩৫৬

তারিখ: ৩১/০৭/২০২১খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০৫। জনাব.....।
- ০৬। অফিস কপি।



মোঃ মিজানুর রহমান
পরিচালক

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।